

মন রে লিরিক্স:-

লাজুক সে পলকে আমায়
বেঁধেছে মনেরই পাড়ায়,
লাজুক সে পলকে আমায়
বেঁধেছে মনেরই পাড়ায়।

খুশির সোহাগে ভারী ..
খুশির সোহাগে ভারী
ইচ্ছের উজান তরী,
শূন্য দুহাতে ধরি
আহ্লাদে আবদারী,
জানিনা পাবো যে কোথায়?

মন শুধু তাঁকে খুঁজে যায়,
মনের মানুষ সে কোথায়?
আলতা নুপুর সাজে
জলরঙা স্মৃতিতে,
তোমাকে পাবো কবে
এই রূপকথাতে,
মন শুধু তাকে খুঁজে যায়..

ওরে মন রে, মন রে
পাবো যে কবে তোকে?
আগল দিয়েছি বুকে, মন রে। (x2)

দখিন বাতাস আসে
এ মন দরিয়ায়,
আঁধারের সাঁঝবাতি
জোনাকির সাহায্য।
কাছে এসে ধরা দিলে
কোনোদিনও সে আমায়,
ভালোবাসি তোকে খুব
সে আমার না পাওয়া।

বেবাগী, হৃদয় আঙিনায়,
উদাসী, কোনো হিমেল হাওয়ায়,
তার নরম আঙুল সুখের আদর মাথায় ..

ওরে মন রে, মন রে
পাবো যে কবে তোকে?
আগল দিয়েছি বুকে, মন রে। (x2)